# পরিচালনা পর্ষদের প্রতিবেদন

# Report of the Board of Directors

বিস্‌মিল্লাহির রাহমানির রাহিম
সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ
আস্‌সালামু আলাইকুম,

সফকো স্পিনিং মিলস্ লিঃ এর ২৯তম বার্ষিক সাধারণ সভায় অংশ গ্রহনকারী সকল শেয়ারহোল্ডারবৃন্দকে পরিচালনা পর্ষদের পক্ষ থেকে স্বাগতম জানাচ্ছি। এই ২৯তম বার্ষিক সাধারণ সভায় ডিজিটাল প্ল্যাটফর্ম এর মাধ্যমে আপনাদের সদয় উপস্থিতি এই সভাকে পূর্ণতা দান করেছে। এজন্য আমি আপনাদের সকলকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। এখন আমি ৩০ জুন ২০২৩ইং সমাপ্ত ১২ মাসের নিরীক্ষকের প্রতিবেদন সহ নিরীক্ষিত হিসাব ও কোম্পানীর বাৎসরিক কার্যক্রমের উপর পরিচালনা পর্ষদের প্রতিবেদন উপস্থাপন করছি।

## শিল্প সম্পর্কিত অবহিতি:

বাংলাদেশ এখন একটি উন্নয়নশীল দেশে পরিনত হয়েছে। বাংলাদেশ বর্তমানে পৃথিবীর বিভিন্ন দেশে উল্লেখযোগ্য পরিমানে উন্নত মানের বস্ত্র সামগ্রী রপ্তানী করছে। এ ছাড়াও দেশের কাপড়ের আভ্যন্তরীন চাহিদাও যথেষ্ট পরিমানে আছে। অন্যান্য অনেক মিলের মতো সফকো স্পিনিং মিলের উৎপাদিত সুতা দেশের স্থানীয় বুনন ও পোষাক শিল্পে ব্যবহৃত হয়।

কোভিড-১৯ পরবর্ত্তীকালে বর্তমানে রাশিয়া ইউক্রেন যুদ্ধের ফলে বিশ্বে উদ্ভুত জ্বালানী সমস্যা এবং কাঁচামালের মুল্য বৃদ্ধি, পরিবহন ব্যয় এর অস্বাভাবিক বৃদ্ধি ও ডলার সংকটের কারনে দেশে মিল সুষ্ঠ ভাবে চালানো সম্ভব হয়ে উঠে নাই এর মাঝে দেশে গ্যাস ও বিদ্যুৎ সংকট (ঘন ঘন লোড সেডিং) ইত্যাদি কারনে উৎপাদন ব্যাহত হয় এবং উৎপাদন ব্যয় অনেক বেড়ে গেছে। ফলে কোম্পানী গত অর্থ বছরে প্রচুর আর্থিক ক্ষতি স্বীকার করতে হয়েছে।

বিগত এক বৎসরের বেশী সময় ধরে স্থানীয় বাজারে সুতার দাম ক্রমাগত হ্রাস পাওয়ায় আমরা সুতার প্রত্যাশিত মূল্য হতে অনেক কম মূল্য পেয়েছি। উৎপাদন অপেক্ষা কম মূল্যে সুতা বিক্রয়ের কারনে মিলটি আর্থিক লোকসান দিয়ে পরিচালিত হচ্ছিল, এই ফলশ্রুতিতে মিলের পক্ষে ব্যাংক সহ সকল আর্থিক প্রতিষ্ঠানের দায়দেনা পরিশোধে অপারগতা সৃষ্টি হয়েছে। এক বৎসর উপর্যোপরি লোকসান দিতে দিতে কোম্পানীর মূলধন নি:শেষিত হয়ে যাওয়ার উপক্রম হয়েছে। কোম্পানীর বিক্রয়লব্ধ আর্থিক আমদানী ব্যাহত হওয়ায় বিভিন্ন ব্যাংকের কিস্তির অর্থ অপরিশোধিত থেকে গেছে। যার ফলশ্রুতিতে কোম্পানীর পক্ষে ২০২২-২৩ অর্থ বৎসর সম্মানীত শেয়ারহোল্ডারবৃন্দকে কোন ডিভিডেন্ড দেওয়া সম্ভব হয় নাই।

## শিল্পের ভবিষ্যৎ পরিকল্পনা

বর্তমানে বিভিন্ন পন্থায় উৎপাদন ব্যয় কমিয়ে, জ্বালানীর সাশ্রয় করে মিল এর উৎপাদন অব্যাহত রাখার প্রচেষ্টা চলছে। একই সাথে মিলকে লাভজনক ভাবে পরিচালনা করার জন্য উৎপাদিত সুতার সুষ্ঠ বাজারজাত করার দিকেও আমাদের প্রচেষ্টা অব্যাহত আছে।

এই মন্দা অবস্থা ও সংকট এর অবসান ঘটলে এবং বর্তমান অবস্থা স্বাভাবিক হলে মিলের উৎপাদন ক্ষমতাকে পরিপূর্ণ করার জন্য কোম্পানী মিলে নূতন চারটি কার্ডিং মেশিন, ২টি অটোলেভেলার সহ ড্রয়িং মেশিন এবং চারটি অটোকোনার ক্রয় করে সংযোগ করার পরিকল্পনা রাখা হয়েছে। এতে মিলের বর্তমান কটন সুতার উৎপাদনের পাশাপাশি একই সাথে ভিসকস, সিনথেটিক, এবং মিশ্রিত পিসি সুতা উৎপাদনের সুযোগ সৃষ্টি হবে যার ফলে কোম্পানী স্থানীয় বাজারে অবস্থান আরো দৃঢ় করতে সক্ষম হবে ইনশাল্লাহ্

## খাতওয়ারী অথবা পণ্যভিত্তিক ফলাফল:

সফকো স্পিনিং মিলস লিঃ এর ব্যবসা কার্যক্রম পণ্য এবং সেবা বা অবস্থানের বৈচিত্রের মধ্যে কোন পার্থক্য হয় নাই। এ কারনে খাতওয়ারী অথবা পণ্যভিত্তিক ফলাফল বর্ণনা করা হয় নাই।

**ঝুকি ও উদ্বিগ্নতাসমূহঃ**

১। মহামারী, পেনডেমিক যুদ্ধ বিগ্রহের কারনে মন্দার ঝুকি বিদ্যমান।

২। মিলের উৎপাদন সরাসরি আমদানীকৃত কাঁচামাল তুলা ও পলিয়েষ্টার ফাইবার এর উপর নির্ভরশীল। তুলা ও পলিয়েষ্টার ফাইবার উভয় এর মূল্য আন্তর্জাতিক বাজারে যে কোন সময় পরিবর্তনশীল, সেহেতু মিলের উৎপাদন ও লাভ লোকসান আমদানীকৃত কাঁচামালের মূল্য তারতম্যের কারনে সর্বদা কিছুটাা ঝুঁকি ও অনিশ্চয়তার মধ্যে থাকে।

৩। দেশে প্রাকৃতিক দুর্যোগ, রাজনৈতিক অস্থিতিশীলতা, সামাজিক নিরাপত্তার অনিশ্চয়তা ইত্যাদি পরিস্থিতির কারনে দেশের সকল শিল্পকে ঝুঁকি ও উদ্বিগ্নতার মধ্য দিয়ে কর্মকান্ড পরিচালনা করতে হয়।

৪। এ ছাড়া বিদ্যুৎ ও গ্যাস ঘাটতি, দক্ষ শ্রমিকের ঘাটতি এবং ফসল তোলার সময়ে শ্রমিকের অনুপস্থিতির ফলশ্রুতিতে মিলের উৎপাদন বিঘ্নিত হতে পারে এবং তহবিল ব্যয় বেড়ে যেতে পারে।

৫। শিল্প খাতে বিদ্যুৎ ও গ্যাসের মূল্য ক্রমাগত বাড়ছে। এ ছাড়া শ্রমিক কর্মচারীদের বেতন ভাতা বছরে বছরে বাড়ছে। এতেও তহবিল ব্যয় বাড়ছে। এ ব্যয় ভার আরো বৃদ্ধির সম্ভাবনা বিদ্যমান।

৬। শিল্পের ঝুঁকি ও উদ্বিগ্নতাসমূহ সরকারের গৃহিতব্য নীতি নির্ধারনের উপরও যথেষ্ট মাত্রায় নির্ভরশীল।

এমতাবস্থায় দেশের অন্যান্য মিলের মত সফকো স্পিনিং মিলকেও এ সকল ঝুঁকি ও অনিশ্চয়তাকে মোকাবেলা করে এবং মেনে নিয়েই এগিয়ে যেতে হচ্ছে এবং ভবিষ্যতেও এগিয়ে যেতে হবে ইনশাল্লাহ্।

**বিক্রিত পণ্যের ব্যয় বিশ্লেষণ, মোট প্রান্তিক মুনাফা এবং নীট প্রান্তিক মুনাফাঃ**

| বিবরণ | ৩০ জুন, ২০২৩ | ৩০ জুন, ২০২২ |
|---|---:|---:|
| বিক্রিত পণ্যের ব্যয় | ৩৯৬,৯৪২,৫৯৯ | ৫৫৩,৬৮১,৫৪০ |
| মোট মুনাফা | ১৪,৬৮৬,৯৬৫ | ১২৬,১৭৮,৩৬৭ |
| নীট মুনাফা | (১৬৫,৩৭০,৭৬০) | ৯,৮১৩,০৯৬ |

**অস্বাভাবিক লাভ বা ক্ষতি :**

বার্ষিক প্রতিবেদনের হিসাবের নোট নং- ২৩ এ অস্বাভাবিক লাভ বা ক্ষতি বর্ণনা করা হয়েছে।

**আন্তঃসম্পর্কিত কোম্পানীর লেনদেন সমূহ :**

বার্ষিক প্রতিবেদনের হিসাবের নোট নং ৩১ এ আন্ত:সম্পর্কিত কোম্পানীর লেনদেন সমূহ বর্ণনা করা হয়েছে।

**পাবলিক ইস্যু অথবা রাইট ইস্যু হতে প্রাপ্ত তহবিলের ব্যবহারঃ**

এ বছর কোন পাবলিক ইস্যু অথবা রাইট ইস্যু হয় নাই।

**ইনিশিয়াল পাবলিক অফারিং (আইপিও), রিপিট পাবলিক অফারিং (আরপিও), রাইট অফার, ডাইরেক্ট লিষ্টিং ইত্যাদি অর্থ বা তহবিল প্রাপ্তির পর কোম্পানীর আর্থিক অবস্থাঃ**

ইনিশিয়াল পাবলিক অফারিং (আইপিও) সম্পন্ন হয়েছে ১৯৯৮ সালে। পরবর্তীতে কোন রিপিট পাবলিক অফারিং (আরপিও), রাইট অফার,ডাইরেক্ট লিষ্টিং ইত্যাদি করা হয় নাই।

**বার্ষিক আর্থিক বিবরণী এবং ত্রৈমাসিক আর্থিক অবস্থার বিবরণীর মধ্যে পার্থক্যঃ**

বার্ষিক আর্থিক বিবরণী এবং ত্রৈমাসিক আর্থিক অবস্থার বিবরণীর মধ্যে পার্থক্য পরিলক্ষিত হয়-

 চতুর্থ ত্রৈমাসিক প্রতিবেদনে বিক্রয় হিসাবে প্রদর্শিত হয় ৯৮,৪৩১,০৮২ কোটি টাকা, যেখানে শেয়ার প্রতি অর্জন দাড়ায় (২.৯৭) টাকা। কিন্তু প্রথম ত্রৈমাসিক প্রতিবেদনে বিক্রয় হিসাবে প্রদর্শিত হয়েছিল ১৩৪,৩৫৮,৮২২ কোটি টাকা। যেখানে শেয়ার প্রতি অর্জন ছিল (০.১৬) টাকা।

 চতুর্থ ত্রৈমাসিক প্রতিবেদনে বিক্রয় ৩৫,৯২৭,৭৪০হ্রাস পায় ও শেয়ার প্রতি অর্জন (২.৯৭) টাকাহ্রাসের কারন হচ্ছে-

 বিক্রিত পণ্যেও ব্যয় বৃদ্ধি পাওয়া

- প্রশাসনিক ও অর্থনৈতিক ব্যয় বৃদ্ধি ইত্যাদি ।

**স্বতন্ত্র পরিচালক সহ পরিচালকদের পারিশ্রমিক:**

বার্ষিক প্রতিবেদনের হিসাবের নোট নং ৩৩ এ স্বতন্ত্র পরিচালক সহ পরিচালকদের পারিশ্রমিক বর্ণনা করা হয়েছে ।

**আর্থিক প্রতিবেদনের উপর পরিচালকগণের বিবৃতি:**

ক) সফকো স্পিনিং মিলস লিঃ এর ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক প্রস্তুতকৃত আর্থিক বিবরণীতে কোম্পানীর আর্থিক অবস্থা, কার্যক্রমের ফলাফল, নগদ প্রবাহ এবং মূলধনের পরিবর্তন সঠিকভাবে উপস্থাপন করা হয়েছে ।

খ) কোম্পানীর হিসাব বহি সমূহ যথাযথ ভাবে সংরক্ষন করা হয়েছে ।

গ) আর্থিক বিবরণী প্রস্তুতিতে যথোপযুক্ত হিসাবনীতি সমূহ ধারাবাহিক ভাবে প্রয়োগ করা হয়েছে এবং হিসাব গত পরিমাপক সমূহ যুক্তিযুক্ত ও বিচক্ষন সিদ্ধান্তের উপর প্রতিষ্ঠিত ।

ঘ) ইন্টারন্যাশনাল একাউন্টিং স্ট্যান্ডার্ড (আইএএস) যা বাংলাদেশে প্রযোজ্য তা অনুসরণ করে আর্থিক বিবরণী প্রস্তুত করা হয়েছে এবং কোথাও কোন ব্যত্যয় থাকলে তা যথাযথ ভাবে প্রকাশ করা হয়েছে ।

ঙ) অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা সুসংহত কার্যকর ভাবে বাস্তবায়ন ও পর্যবেক্ষন করা হয়েছে ।

চ) কোম্পানীর চলমান অস্তিত্বের সামর্থ্যের ক্ষেত্রে কোনরূপ তাৎপর্যপূর্ণ সন্দেহের অবকাশ নাই ।

**গত বৎসরের পরিচালনগত ফলাফলের সাথে চলতি বৎসরের ব্যবধান:**

গত বৎসরের পরিচালনগত ফলাফলের সাথে চলতি বৎসরের নিম্নোক্ত ব্যবধান পরিলক্ষিত হয়-

- বিক্রয় আয় গত বছরের তুলনায় হ্রাস পেয়েছে যার কারণ হচ্ছে-
  - বিক্রয় হ্রাস
  - চাহিদা হ্রাস
- মোট মুনাফা অনুপাত গত বছরের তুলনায় হ্রাস পেয়েছে
  - বিক্রয় হ্রাস
  - পরিচালনা ও বিজ্ঞাপন ব্যয় বৃদ্ধি ।

**চলমান প্রতিষ্ঠান ধারণা:**

কোম্পানীর পরিচালকবৃন্দ মতামত পোষন করেন যে, অত্র প্রতিষ্ঠানের অদুর ভবিষ্যতে ব্যবসা পরিচালনা করার মত পর্যাপ্ত সক্ষমতা রয়েছে । বর্তমানের আর্থিক মন্দা ও পেনডেমিক কোভিড-১৯ এবং ইউক্রেন যুদ্ধ বিদ্যুৎ ও গ্যাসের স্বল্পতা, ডলারের উর্দ্ধ গতি যাহা একটি বিচ্ছিন্ন অবস্থা, যাহা সাময়িক ব্যাপার এবং সময়ের সাথে এর উত্তরন ঘটবে । এছাড়া এমন কোন কারণ পরিলক্ষিত হয়নি যার কারণে অদুর ভবিষ্যতে ব্যবসা বন্ধ হয়ে যেতে পারে ।
বার্ষিক প্রতিবেদনের হিসাবের নোট নং ২৭ এ কোম্পানীর চলমান প্রতিষ্ঠান ধারণা সম্পর্কে বর্ণনা করা হয়েছে ।

**পূর্ববর্তী পাঁচ বৎসরের মূখ্য পরিচালন এবং অর্থনৈতিক উপাত্তের তুলনামূলক চিত্র তুলে ধরা হল:**

| বিবরণ | ২০২২-২০২৩ | ২০২১-২০২২ | ২০২০-২০২১ | ২০১৯-২০২০ | ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|
| টার্ণ ওভার | ৪১১,৬২৯,৫৬৪ | ৬৭৯,৮৫৯,৯০৭ | ৫৩৯,৯৩৯,০৫৬ | ৩৩১,৭৭১,৫৪৩ | ৫৪৮,৩১৩,৩৮৮ |
| মোট মুনাফা/(ক্ষতি) | ১৪,৬৮৬,৯৬৫ | ১২৬,১৭৮,৩৬৭ | ১১১,১৭৬,৩৮৪ | (১৩,৮১২,০৪০) | ১৩১,৪৬৫,৭৪৭ |
| কর পূর্ববর্তী নীট মুনাফা/(ক্ষতি) | (১৬৭,৮৬৩,০০৮) | ৭,৪০৯,৯২৫ | ১৬,২৯০,০৪২ | (১৫০,০৪৩,৩০১) | (১১,০৩০,৭১৫) |
| কর পরবর্তী নীট মুনাফা/(ক্ষতি) | (১৬৫,৩৭০,৭৫৯) | ৯,৮১৩,০৯৬ | ৬,৭৮৪,৫৯৪ | (১৭০,৫১২,০৪৬) | (১৪,৫৪৭,৯৬৩) |
| মোট মুনাফা অনুপাত | ৩.৫৭% | ১৮.৫৬% | ২০.৬% | -৪.১৬% | ২৩.৯৮% |
| নীট মুনাফা অনুপাত | -৪০.০০% | ১.৪৪% | ১.২৬% | -৫১.৩৯% | -২.৬৫% |
| বিক্রিত পণ্যের ব্যয় অনুপাত | ৯৬.০০% | ৮১.৪৪% | ৭৯.৪১% | -১০৪.১৬% | ৭৬.০২% |
| শেয়ার প্রতি অর্জন | (৫.৫২) | ০.৩৩ | ০.২৩ | (৫.৬৯) | -০.৪৯ |

**বোর্ড সভা:**

**২০২২-২০২৩ইং সনে ৪(চার) টি বোর্ড সভা অনুষ্ঠিত হয় ।**

**২০২২-২০২৩ইং সনে অনুষ্ঠিত বোর্ড সভা এবং পরিচারকবৃন্দের উপস্থিতির তালিকা নিম্নরূপ :**

| ক্রমিক নং | পরিচালকের নাম | পদবী | অনুষ্ঠিত বোর্ড সভা | উপস্থিতি |
|---|---|---|---|---|
| ০১ | জনাব এস,এ,কে,এম, সেলিম | চেয়ারম্যান | ৪ | ৪ |
| ০২ | জনাব এস,এ,বি,এম, হুমায়ুন | ব্যবস্থাপনা পরিচালক | ৪ | ৪ |
| ০৩ | জনাব সৈয়দ সাকেব আহমেদ | পরিচালক | ৪ | ৪ |
| ০৪ | জনাব এস, এম, মুনির | স্বতন্ত্র পরিচালক | ৪ | ২ |
| ০৫ | জনাব মোঃ ওয়ালী উল্লাহ | স্বতন্ত্র পরিচালক | ৪ | ৪ |
| ০৬ | প্রফেসর ডঃ সুমন দাস | স্বতন্ত্র পরিচালক | ৪ | ৪ |

**শেয়ারহোল্ডিং সংক্রান্ত বিবরণ:**

| **নাম অনুসারে বিবরণ** | | | **শেয়ার সংখ্যা** |
|---|---|---|---|
| ক) প্যারেন্ট/ সাবসিডিয়ারী/এসোসিয়েটেড কোম্পানী এবং অন্যান্য সম্পর্কিত পার্টি সমূহ: | | | |
| খ) পরিচালকবৃন্দ: | | | |
| জনাব এস, এ, বি, এম, হুমায়ুন | - | ব্যবস্থাপনা পরিচালক | ২৪,২৬,৬৪৩ |
| জনাব এস, এ, কে, এম, সেলিম | - | পরিচালক | ২৮,৫৩,২৬৮ |
| জনাব সৈয়দ সাকেব আহমেদ | - | পরিচালক | ৮,৭৯,৮৩৮ |
| গ) জনাব এস, এফ, এ, এম, শাহজাহান | - | উদ্যোক্তা | ২১,৮৪,৩১৫ |
| জনাবা সৈয়দা মোমেনা বেগম | - | উদ্যোক্তা | ৬,৫০,৮৩৯ |
| | | | |
| গ) প্রধান অর্থ কর্মকর্তা, কোম্পানী সচিব ও অভ্যন্তরীণ নিরীক্ষা প্রধান এবং তাদের স্ত্রী ও সন্তান: | | | - |
| ঘ) নির্বাহীবৃন্দ: | | | - |
| ঙ) কোম্পানীতে ১০(দশ) শতাংশ অথবা তার চেয়ে বেশী ভোটের অধিকারী শেয়ারহোল্ডারবৃন্দ: | | | - |

**পরিচালক নির্বাচন:**

কোম্পানীর পরিচালক জনাব সৈয়দ সাকেব আহমেদ সংঘবিধির ১১০ ধারা অনুযায়ী অবসর গ্রহন করেছেন। পরিচালক জনাব সৈয়দ সাকেব আহমেদ স্বপদে পুন:নির্বাচিত হওয়ার যোগ্য বিধায় পুনরায় নিয়োগ লাভের ইচ্ছা পোষণ করেছেন। উপরে বর্ণিত পরিচালকের এবং অন্যান্য পরিচালকবৃন্দের সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত ও তথ্যাদি বিএসইসির নোটিফিকেশন অনুযায়ী নিম্নে বিবৃত হল:

**জনাব সৈয়দ সাকেব আহমেদ:** জনাব সৈয়দ সাকেব আহমেদ মার্কিন যুক্তরাষ্ট্র থেকে ইন্ডস্ট্রিয়াল এন্ড ম্যানুফেকচারিং ইঞ্জিনিয়ারিং বিষয়ে বি,এসসি ইঞ্জিনিয়ারিং এবং অপারেশনস্ ম্যানেজমেন্ট বিষয়ে এম,এসসি ডিগ্রী অর্জন করেন। তিনি সফকো স্পিনিং মিলস লিঃ এর পরিচালক এবং সায়হাম জুট মিলস লিঃ এর পরিচালক পদে অধিষ্ঠিত আছেন। বর্তমানে

তিনি সফকো স্পিনিং মিলস লিঃ এর অডিট কমিটির একজন সদস্য। তিনি সফকো স্পিনিং মিলে যোগদান করার পূর্বে যুক্তরাষ্ট্রে ম্যাটেগ ও এমানা এপ্লাইয়েন্সেস এর মতো প্রখ্যাত ইউএস প্রতিষ্ঠান সমূহে দীর্ঘ ০৫ বছর যাবৎ ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং ম্যানেজার হিসেবে কর্মরত ছিলেন।

তিনি দীর্ঘ ১০ বছর যাবৎ সফকো ও সায়হাম বিভিন্ন ব্যবসার অপারেশন ব্যবস্থানায় সংশ্লিষ্ট আছেন। তিনি ইইএসএ, কানাডা, দক্ষিণ আমেরিকা, ইউকে, ফান্স, জার্মানী, সুইজারল্যান্ড, হল্যান্ড, মিশর, সৌদিআরব, ইউএই, ইন্ডিয়া, শ্রীলঙ্কা, থাইল্যান্ড, সিঙ্গাপুর, মালয়েশিয়া, অস্ট্রেলিয়া, চায়না, হংকং সহ বিশ্বেও বিভিন্ন দেশে ব্যবসায়িক কাজে ভ্রমন করেছেন।

**জনাব এস, এ, বি, এম, হুমায়ুন:**

জনাব এস,এ,বি,এম, হুমায়ুন বি,এসসি, ইঞ্জিনিয়ারিং (মেকানিক্যাল) ডিগ্রী প্রাপ্ত এবং বিশেষ বিশেষ ক্ষেত্রে প্রশিক্ষন প্রাপ্ত একজন দক্ষ প্রকৌশলী হিসেবে সুপরিচিত। তিনি ইনষ্টিটিউট অব ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ এর আজীবন ফেলো। তিনি সফকো স্পিনিং মিলস্ লিঃ এবং সায়হাম জুট মিলস্ লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক পদে অধিষ্ঠিত আছেন। তিনি শিল্প পরিকল্পনা, স্থাপনা ও পরিচালনা এবং ব্যবসা ও মার্কেটিং ক্ষেত্রে ব্যাপক জ্ঞানের অধিকারী। তিনি শিল্প খাতে বিভিন্ন পরিকল্পনা, বাস্তবায়ন ও র্কাক্রমে ৪০ বছরের অভিজ্ঞতায় নিজেকে সমৃদ্ধ করেছেন। তিনি ১৯৮২ সাল থেকে সায়হাম গ্রুপের বিভিন্ন শিল্প কারখানার স্থাপনার সাথে জড়িত এবং ঐ গ্রুপের বিভিন্ন প্রজেক্ট্ বাস্তবায়নের গ্ররুত্বপূর্ণ দায়িত্বসমূহ পালন করে আসছেন। তিনি এলাকার বিভিন্ন স্কুল, কলেজ প্রতিষ্ঠা ও পরিচালনা এবং বিভিন্ন জনকল্যানমূলক কাজের সাথে সম্পৃক্ত আছেন। কার্যউপলক্ষে তিনি এশিয়া, আফ্রিকা ও আমেরিকা মহাদেশের বহুদেশ ভ্রমন করেছেন।

**জনাব এস, এ, কে, এম, সেলিম:**

জনাব এস, এ, কে, এম, সেলিম ইউ, কে, থেকে কষ্ট একাউন্টিং ডিগ্রী অর্জন করেন। তিনি সফকো স্পিনিং মিলস্ লিঃ এর চেয়ারম্যান পদে অধিষ্ঠিত আছেন। তিনি শিল্প ও ব্যবসা খাত সম্পর্কে ব্যাপক জ্ঞানের অধিকারী। তিনি ইউ, কে, এবং ইউ, এস, এ, উভয় দেশ থেকে ব্যাপক ব্যবসায়িক জ্ঞান অর্জন করেছেন। তিনি বিভিন্ন সমাজকল্যানমূলক প্রতিষ্ঠান ও জনকল্যান কাজে জড়িত আছেন।

A Management's Discussion and alalysis signed by CEO or MD presenting detailed analysis of the company's position and operations along with a brief discussion of changes in the financial statements, among others, focusing on:

| Particulars | June 30, 2023 | June 30, 2022 |
|---|---|---|
| Gross Profit Margin | 3.57% | 18.56% |
| Operating Profit Margin | 0.56% | 16.14% |
| Net Profit Margin | -40.00% | 1.44% |
| Return on asset | -8.00% | 5.36% |
| Return on Equity | -35.00% | 1.53% |
| Earning per Share | 5.52 | 0.33 |

| Particulars | June 30, 2023 (12 Months) | June 30, 2022 (12 Months) |
|---|---|---|
| Revenues | 411,629,564 | 679,859,907 |
| Changes in Percentage | | 25.91% |
| Cost of Goods Sold | 396,942,599 | 553,681,540 |
| Changes in Percentage | | 29.13% |
| Operating Expenses | 12,913,757 | 16,963,246 |
| Changes in Percentage | | -32.31% |
| Net Profit after Tax | 165,370,760 | 9,813,096 |
| Changes in Percentage | | 44.64% |

(ক) আর্থিক বিবৃতি প্রস্তুত করার জন্য একাউন্টিং নীতি এবং মূল্যায়ন।

একাউন্টিং নীতি এবং আর্থিক প্রতিবেদন প্রস্তুতিতে পূর্ববর্ত্তী বৎসরের সাথে কোন পরিবর্তন নাই।

(খ) একাউন্টিং নীতি এবং প্রাক্কলন পরিবর্তন, যদি থাকে তবে, আর্থিক কর্মৰমতা বা ফলাফল এবং আর্থিক অবস্থানের প্রভাব এবং সেই পরিবর্তনের জন্য সম্পূর্ণ চিত্রের মধ্যে নগদ প্রবাহ সম্পর্কে স্পষ্টভাবে বর্ণনা করা;

নীতি এবং প্রাক্কলন সম্পর্কিত কোনও পরিবর্তন নেই, যার ফলে কর্মৰমতা এবং নগদ প্রবাহের উপর কোন প্রভাব নেই।

(গ) আর্থিক কর্মৰমতা বা ফলাফল এবং আর্থিক অবস্থানের সাথে তুলনামূলক বিশেস্নষণ (মুদ্রাস্ফীতির প্রভাব সহ) এবং বর্তমান আর্থিক বছরের জন্য নগদ প্রবাহ তাৎৰনিক পূর্ববর্ত্তী পাঁচ বছরের সাথে তার কারণ ব্যাখ্যা করা।

Revenue and Result from Operation:

| Particulars | 2022-2023 (12 Months) | 2021-2022 (12 Months) | 2020-2021 (12 Months) | 2019-2020 (12 Months) | 2018-2019 (12 Months) |
|---|---|---|---|---|---|
| Sales Revenue | 411,629,564 | 679,859,907 | 539,934,056 | 331,771,543 | 548,313,388 |
| Gross Profit | 14,686,965 | 126,178,367 | 111,176,384 | (13,812,040) | 131,465,747 |
| Operating Profit | 2,313,817 | 109,726,648 | 124,914,973 | (35,757,502) | (106,064,576) |
| Net Profit Before Tax | (167,863,008) | (7,409,925) | 17,104,544 | (150,043,301) | (11,030,715) |
| Net Profit after Tax | (165,370,760) | 9,813,096 | 6,784,594 | (170,512,046) | (14,547,963) |

Statement of Financial Position:

| Particulars | June 30, 2023 | June 30, 2022 | June 30, 2021 | June 30, 2020 | June 30, 2019 |
|---|---|---|---|---|---|
| Non-Current Asset | 1,461,429,204 | 1,499,430,384 | 1,431,921,480 | 1,406,516,545 | 1100,041,935 |
| Total Current Asset | 525,945,334 | 548,639,515 | 592,383,962 | 565,352,360 | 555,812,168 |
| Total Asset | 1,987,374,538 | 2,048,069,900 | 2,024,305,442 | 1,971,868,905 | 1655,907,101 |
| ঝযধৎবযড়ষফবঝ্ক উয়ঁরঃ | 478,030,474 | 642,744,745 | 642,748,183 | 635,265,823 | 516,480,711 |
| Non-current Liability | 1,188,980,954 | 1,112,780,332 | 1,086,045,065 | 1,054,434,952 | 753,610,117 |
| Current Liability | 320,363,109 | 292,544,864 | 295,512,194 | 282,168,130 | 385,816,273 |
| **Total Liability** | **1,987,374,538** | **1,405,325,196** | **1,381,557,254** | **1,971,868,905** | **1655,907,101** |

Changes in Cash Flows:

| Particulars | 2022-2023 (12 Months) | 2021-2022 (12 Months) | 2020-2021 (12 Months) | 2019-2020 (12 Months) | 2018-2019 (12 Months) |
|---|---|---|---|---|---|
| Net Cash Flows from Operating Activities | 17,050,400 | *69,752,807* | 64,289,987 | (44,039,715) | 68,718,420 |
| Net Cash Flows or used in Investing Activities | (424,935) | *(445,126)* | (13,663,326) | (9,844,379) | (233,818,896) |
| Net Cash Flows or used in Financing Activities | (17,882,755) | *72,747,495* | (44,393,321) | 46,952,265 | 163,923,541 |

**বিক্রয় রাজস্ব পরিবর্তনের কারন:**

২০২২-২০২৩ অর্থ বছরে বিক্রয় রাজস্ব আয় হ্রাস পেয়েছে। বৈশ্বিক যুদ্ধ কালিন অবস্থা ও টেক্সটাইল সেক্টরের নাজুক পরিস্থিতির কারনে উৎপাদিত পণ্যের চাহিদা হ্রাস পাওয়ায় কোম্পানীর পণ্যের বিক্রয় ধারাবাহিক ভাবে হ্রাস পেয়েছে।

**রাজস্ব খরচ পরিবর্তনের কারণ:**
২০২২-২০২৩ অর্থ বছরে রাজস্ব খরচ বৃদ্ধি পেয়েছে। ২০২২-২০২৩ অর্থ বছরে রাজস্ব আয় হ্রাস পেয়েছে। পক্ষান্তরে রাজস্ব খরচ তুলনামূলক বেড়েছে।

**নীট মুনাফা পরিবর্তনের কারণ:**
গত অর্থ বছরের তুলনায় এ অর্থ বছরে নীট মুনাফা হ্রাস পেয়েছে। গত বছরের তুলনায় এ বছর বিক্রয় হ্রাস এবং অন্যান্য আয় হ্রাস পাওয়ায় নীট মুনাফার হার ও হ্রাস পেয়েছে।

(ঘ) আর্থিক কর্মক্ষমতা বা ফলাফল এবং আর্থিক অবস্থান এবং সহকর্মী শিল্পের সঙ্গে নগদ প্রবাহ তুলনা:

কোনও শিল্প তথ্য পাওয়া যায় না যার সঙ্গে আমরা তুলনা করতে পারি।

(ঙ) দেশ এবং পৃথিবীর অর্থনৈতিক অবস্থা সম্পর্কে সংক্ষিপ্তভাবে ব্যাখ্যা করুন:

বাংলাদেশের জিডিপি বৃদ্ধির হার গত ০৫ বছরে ৬% ছাড়িয়ে গেছে।বাংলাদেশ বর্তমানে উন্নয়নশীল দেশে পরিনত হয়েছে এবং ২০২৬ সাল নাগাদ বাংলাদেশ মধ্যম আয়ের দেশে পরিনত হওয়ার পথে চলেছে।এই ধরনের অর্থনৈতিক সমৃদ্ধির সাথে সাথে দেশে এবং বিদেশে আমাদের বস্ত্র খাতের চাহিদাও বৃদ্ধি পাবে।

(চ) আর্থিক বিবৃতি সম্পর্কিত ঝুঁকি ও উদ্বেগ, ঝুঁকি ও উদ্বেগ হ্রাসের কোম্পানীর পরিকল্পনা ব্যাখ্যা করা:

**কাঁচামাল ঝুকি ও ব্যবস্থাপনার উপলব্ধি:**
সফকো স্পিনিং মিল একটি সুতা উৎপাদনকারী মিল এবং মিলের উৎপাদন সরাসরি আমদানীকৃত কাঁচামাল তুলা ও পলিয়েষ্টার ফাইবার এর উপর নির্ভরশীল। তুলা ও পলিয়েষ্টার ফাইবার উভয়ই আমদানীতব্য কাঁচামাল বিধায় বর্তমান ইউক্রেন রাশিয়া যুদ্ধের উদ্ভুত পরিস্থিতির কারনে এর মূল্য আন্তর্জাতিকবাজারে সর্বদা পরিবর্তনশীল। সেহেতু মিলের লাভ-লোকসান আমদানীকৃত কাঁচামালের মূল্য তারতম্যের কারনে সর্বদা কিছুটা ঝুকি ও অনিশ্চয়তার মধ্যে আছে।

সফকো স্পিনিং মিল ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বিশ্বাস করে যে কাঁচামালের জন্য আন্তর্জাতিক বাজারে অনুসন্ধান করা সহ বিভিন্ন সরবরাহকারীদের সাথে সু-সম্পর্ক বজায় রাখলে এবং যথা সময়ে কাঁচামাল ক্রয় করলে কাঁচামালের খরচ বাড়ানোর ঝুকি কিছুটা হলেও কমতে পারে।

**শ্রম অস্থিরতা ও ব্যবস্থাপনার উপলব্ধি:**
সফকো স্পিনিং কর্তৃপক্ষ সর্বদা কোম্পানীর শ্রমিক ও কর্মচারীদেও কল্যানের দিকে লক্ষ্য রেখে আসছে। মিলে শ্রমিক মালিক সু সম্পর্ক ও সুন্দর পরিবেশ বজায় আছে। কর্মচারী প্রশিক্ষনের মাধ্যমে উন্নত ও দক্ষ শ্রমিক গড়ে তোলার দিকে কর্তৃপক্ষ সর্বদা গুরুত্ব দিয়ে আসছে। কর্মকর্তা, কর্মচারী, এবং শ্রমিক যাতে সুষ্ঠভাবে জীবিকা নির্বাহ করতে পারে, সে জন্য বেতন বৃদ্ধি সু-চিকিৎসার এবং অন্যান্য সুযোগ সুবিধার দিকে কর্তৃপক্ষ সম্পূর্ণ দৃষ্টি রেখে আসছে এবং যথা সময়ে বাৎসরিক বেতন ভাতা বৃদ্ধি করা হচ্ছে। এতে প্রতিষ্ঠানে শ্রমিকের মধ্যে শ্রম অস্থিরতার ঝুকি অনেক কম।

**সুদের হার ঝুকি ও ব্যবস্থাপনা উপলব্ধি:**
কোম্পানী বিভিন্ন ব্যাংকগুলো থেকে দীর্ঘ এবং স্বল্প মেয়াদী ঋণ রয়েছে। বিভিন্ন সময়ে স্বল্প মেয়াদী ব্যাংক ঋণের সুদের হার বর্ধিত হতে পারে। যদি বিদ্যমান ব্যাংক ঋণের সুদের হার বর্তমান স্তর থেকে বৃদ্ধি পায় তবে নগদ প্রবাহ এবং লাভজনকতা বাধাগ্রস্থ হবে।

কোম্পানীর ব্যবস্থাপনা পর্ষদ সর্বদা কোম্পানীর সর্বোত্তম মূলধন কাঠামো বজায় রাখার জন্য তার অর্থ পরিচালনার উপর জোর দিয়ে থাকে যাতে মূলধনের খরচ সর্ব নিম্ন থাকে।

ছ) কোম্পানীর অপারেশন কর্মক্ষমতা এবং আর্থিক অবস্থানের জন্য ভবিষ্যত পরিকল্পনা বা অভিক্ষেপ বা পূর্বাভাস, যা যথাযথভাবে এজিএম এ শেয়ারহোল্ডারদের প্রকৃত অবস্থা ব্যাখ্যা করা হবে:

**ভবিষ্যৎ পরিকল্পনা:**
বিএমআরই এর মাধ্যমে সফকো স্পিনিং মিলের দীর্ঘ দিনের পুরানো মেশিনগুলোর পরিবর্তন করে অনেক নুতন মেশিন প্রতিস্থাপন করা হয়েছে। মেশিনের তথা মিলের উৎপাদনশীলতা বেড়েছে, পণ্যের গুনগতমান ও উন্নত হয়েছে তবে উৎপাদন কাংখিত লক্ষ্যে পৌছার জন্য আগামী বছরগুলিতেও নুতন কয়েকটি যন্ত্রপাতির প্রতিস্থাপন করতে হবে এবং বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা সু-সংহত করা হবে। নুতন মেশিনের সংযোজন হওয়ার ফলে মিলের উল্লেখযোগ্য উন্নতি ও উৎপাদন ক্ষমতা বেড়েছে বলে বিশ্বাস করি এবং বিশ্ব জুরে অর্থনৈতিক মন্দার এবং অস্থিরতার অবসান ঘটলে ভবিষ্যতে মিল ভাল মুনাফা অর্জন করতে সক্ষম হবে বলে আশা করা যায়।

## অডিট কমিটিঃ

কোম্পানীর পরিচালনা পর্ষদের একটি উপ কমিটি হিসাবে অডিট কমিটির বিবরণ নিম্নরূপ ঃ

| | | | | |
|---|---|---|---|---|
| জনাব মোঃ ওয়ালি উল্লাহ্ | - | স্বতন্ত্র পরিচালক | : | চেয়ারম্যান |
| জনাব সৈয়দ সাকেব আহমেদ | - | পরিচালক | : | সদস্য |
| প্রফেসর ডঃ সুমন দাস | - | স্বতন্ত্র পরিচালক | : | সদস্য |

## অডিট কমিটির প্রতিবেদনঃ

অডিট কমিটি ২০২২-২০২৩ অর্থ বছরে ৪টি সভা সম্পন্ন হয়েছে এবং বছরব্যাপী স্বীয় অডিট কার্যক্রমে কোন অনিয়মের সন্ধান পান নাই মর্মে পরিচালনা পর্ষদের নিকট প্রতিবেদন পেশ করেছেন । অডিট কমিটির রিপোর্ট অত্র প্রতিবেদন এ সংযুক্ত করা হয়েছে ।

## নমিনেশন এবং রিমুনারেশন কমিটি (ঘজঈ) :

বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন এর নোটিশ নং বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৮/২০৭/প্রশাসন/৮০ জুন ০৩, ২০১৮ অনুযায়ী কোম্পানীর পরিচালনা পর্ষদের একটি উপ কমিটি হিসেবে নমিনেশন এবং রিমুনারেশন কমিটির বিবরণ নিম্নরূপঃ

| | | | | |
|---|---|---|---|---|
| প্রফেসর ডঃ সুমন দাস | - | স্বতন্ত্র পরিচালক | : | চেয়ারম্যান |
| জনাব সৈয়দ সাকেব আহমেদ | - | পরিচালক | : | সদস্য |
| জনাব মোঃ ওয়ালি উল্লাহ | - | স্বতন্ত্র পরিচালক | : | সদস্য |

## নমিনেশন এবং রিমুনারেশন কমিটি (ঘজঈ) প্রতিবেদনঃ

নমিনেশন এবং রিমুনারেশন কমিটি ২০২২-২০২৩ অর্থ বছরে ১টি সভা সম্পন্ন হয়েছে । এন আর সি এর কার্যক্রমের একটি প্রতিবেদন সংযুক্ত করা হয়েছে ।

## নিরীক্ষক নিয়োগঃ

কোম্পানীর বর্তমান নিরীক্ষক হিসেবে মেসার্স কাজী জহির খান এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস অত্র সভায় নির্দিষ্ট মেয়াদ উত্তীর্ণ করেছেন । বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের বিধান এবং ঢাকা ষ্টক এক্সচেঞ্জ (লিষ্টিং) রেগুলেশন, ২০১৫ইং অনুযায়ী মেসার্স এম, জেড ইসলাম এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস কোম্পানীর নিরীক্ষক হিসাবে ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য নিয়োগ লাভের ইচ্ছা প্রকাশ করেছেন । পরিচালনা পর্ষদ মেসার্স এম, জেড ইসলাম এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস ফার্মকে ৪,০০,০০০/- টাকা পারিশ্রমিকে নিয়োগ প্রদান করা হয় । অত্র বার্ষিক সভায় শেয়ারহোল্ডার কর্তৃক অনুমোদনের জন্য সুপারিশ করা হয় ।

## কর্পোরেট গভার্নেন্স কোড কমপ্লায়েন্স সার্টিফিকেটের প্রফেশনাল একাউন্ট্যান্ট নিয়োগঃ

মেসার্স রহমান মোস্তফা আলম এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস অত্র সভায় নির্দিষ্ট মেয়াদ উত্তীর্ণ করেছেন । বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের নোটিফিকেশন অনুযায়ী ৯ নং ধারা অনুসারে প্রফেশনাল একাউন্ট্যান্ট কর্তৃক প্রত্যয়ন পত্রের ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য মেসার্স রহমান মোস্তফা আলম এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস পুন:নিয়োগ লাভের ইচ্ছা প্রকাশ করেছেন । অত্র বার্ষিক সভায় শেয়ারহোল্ডার কর্তৃক অনুমোদনের জন্য সুপারিশ করা হয় ।

## কর্পোরেট গভার্নেন্স কমপ্লায়েন্স প্রতিবেদনঃ

বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের নোটিফিকেশন অনুযায়ী ৬ নং ধারা অনুসারে সিইও এবং সিএফও কর্তৃক প্রত্যায়ন পত্র, ৭(১) ধারা অনুসারে প্রফেশনাল একাউন্ট্যান্ট কর্তৃক প্রত্যায়ন পত্র এবং ৭(২) ধারা অনুসারে কর্পোরেট গভার্নেন্স প্রতিপালন প্রতিবেদন যথাক্রমে সংযুক্তি অ,ই এবং ঈ এর মধ্যে বর্ণনা/প্রকাশ করা হলো ।

## ব্যবস্থাপনা শ্রমিক সম্পর্কঃ

মিল কারখানায় সুষ্ঠ উৎপাদনের স্বার্থে শ্রমিক মালিক সু-সম্পর্ক ও সুন্দর পরিবেশ বিরাজমান রাখা অত্যন্ত প্রয়োজনীয় । সফকো স্পিনিং মিলস্ লিঃ কর্তৃপক্ষ সর্বদা কোম্পানীর শ্রমিক ও কর্মচারীদের কল্যানের দিকে লক্ষ্য রেখে আসছে । শ্রমিক ও কর্মচারীদের সুস্বাস্থ্যের প্রতি ও কল্যানমূলক কাজে কোম্পানী সবসময়ই প্রাধান্য দিয়ে আসছেন । কর্মকর্তা, কর্মচারী এবং শ্রমিকগন যাতে সুষ্ঠভাবে জীবিকা নির্বাহ করতে পারে, সুচিকিৎসার সুযোগ পায় সেদিকে কর্তৃপক্ষ সম্পূর্ণ দৃষ্টি রেখে আসছে । দ্রব্যমূল্য বিবেচনা করে চলতি আর্থিক বৎসরে বেতন ভাতাদি পর্যাপ্ত পরিমানে বৃদ্ধি করা হয়েছে । এছাড়া কোম্পানীর শ্রমিক কর্মচারীদের চিকিৎসা ও সামাজিক কারন ও সন্তানদের লেখাপড়ার ব্যাপারে ক্ষেত্র বিশেষে কোম্পানী আর্থিক সহায়তা দান অব্যাহত রেখেছে । শ্রমিক, কর্মচারীদের বিনোদনের জন্য কর্তৃপক্ষ বিভিন্ন বিনোদনমূলক অনুষ্ঠানের ব্যবস্থা করে আসছে । মিলে বর্তমানে ব্যবস্থাপনা ও শ্রমিকদের মাঝে সুসম্পর্ক বজায় থাকার কারনে উৎপাদনের সুষ্ঠ পরিবেশ বিরাজমান আছে ।

**সামাজিক দায়বদ্ধতা ও কার্যক্রমঃ**

যে জনপদে মিলটি প্রতিষ্ঠিত সে এলাকার জনগনের কাছে প্রতিষ্ঠানের কিছুটা সামাজিক দায়বদ্ধতা আছে। সফকো স্পিনিং মিলস্ লিঃ কর্তৃপক্ষ সামাজিক দায়িত্ব হিসাবে এই এলাকার স্থানীয় আর্থ সামাজিক উন্নয়নের দিকে সর্বদা নজর রেখে আসছে। এলাকার জনগণের বিভিন্ন অসুবিধায় কিংবা দুর্যোগে সহযোগিতা ছাড়াও এলাকার বিভিন্ন কল্যাণমূলক কাজে মিল কর্তৃপক্ষ প্রয়োজন মত আর্থিক সহযোগিতা দান করে থাকেন। এলাকার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে আর্থিক অনুদান এবং ছাত্র বৃত্তি সহ বিভিন্ন সমাজকল্যানমূলক কাজে কোম্পানী সহযোগিতা করে আসছে।

**উপসংহারঃ**

সফকো স্পিনিং মিলস্ লিঃ এর পরিচালনা ও বিভিন্ন কর্মকান্ডে বিভিন্ন সময়ে নানাভাবে সাহায্য ও সহযোগীতা করার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ যেমন- ব্যাংক এশিয়া লিঃ, প্রিমিয়ার ব্যাংক লিঃ, ডাচ বাংলা ব্যাংক লিঃ, পূবালী ব্যাংক লিঃ, জনতা ব্যাংক লিঃ সহ বিভিন্ন ব্যাংক সমূহ সরকারী ও বেসরকারী দপ্তর সমূহ বিশেষ করে জাতীয় রাজস্ব বোর্ড, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন,ঢাকা ষ্টক এক্সচেঞ্জ ও চট্টগ্রাম ষ্টক এক্সচেঞ্জ, বিনিয়োগ বোর্ড,কাষ্টমস ও ভ্যাট কর্তৃপক্ষ, হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন সিস্টেমস লিঃ, পরিবেশ অধিদপ্তর, শ্রম দপ্তর, ফায়ার ব্রিগেড, গ্রীণ ডেল্টা ইন্স্যুরেন্স কোম্পানী লিঃ, স্থানীয় ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ ও স্থানীয় সিভিল ও পুলিশ প্রশাসন ও স্থানীয় জনগন সহ সংশ্লিষ্ট সকলকে কোম্পানীর পরিচালনা পর্ষদ আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেছেন। পর্ষদ বিশেষ ধন্যবাদ জানাচ্ছেন কোম্পানীর সর্বস্তরের কর্মকর্তা,কর্মচারী ও শ্রমিকবৃন্দকে যাদের অক্লান্ত পরিশ্রম ও নিষ্ঠার জন্য কোভিড-১৯ সহ বিভিন্ন প্রতিকুল পরিস্থিতি মোকাবেলা করেও কোম্পানী তার কার্যক্রম সন্তোষজনকভাবে চালিয়ে যাচ্ছে।

বিশেষভাবে সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের আন্তরিক সহযোগিতা, সমর্থন, মূল্যবান পরামর্শ প্রদান এর জন্য পরিচালনা পর্ষদ তাদেরকে আন্তরিক শুভেচ্ছা ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছেন। সর্বশক্তিমান আল্লাহ্তায়ালার কাছে আগামী বছরগুলোতে কোম্পানীর উত্তরোত্তর উন্নতি ও সমৃদ্ধি কামনা করে এবং আপনাদের সু-স্বাস্থ্য ও কল্যান কামনা করে উপস্থাপিত প্রতিবেদন সমাপ্ত করছি। আল্লাহ্ আমাদের মঙ্গল করুন।

তারিখঃ

ঢাকা ২৯ অক্টোবর, ২০২৩ইং

পরিচালকমন্ডলীর পক্ষে

**এস, এ, কে, এম, সেলিম**
চেয়ারম্যান